



## সর্বকালের সেরা বাঙ্গালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের জন্ম বার্ষিকী উপলক্ষে আয়োজিত 'শেখ রাসেল দিবস ২০২২' উদযাপন

সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল কর্তৃক আয়োজিত সর্বকালের সেরা বাঙ্গালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৯তম জন্ম বার্ষিকী উপলক্ষে আয়োজিত 'শেখ রাসেল দিবস ২০২২' যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়। দিনব্যাপী অনুষ্ঠানমালায় ১৮ অক্টোবর, ২০২২ সকাল ৯ ঘটিকায় শুরু করে কলেজ ক্যাম্পাসে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ, আনন্দ র্যালি, বৃক্ষ রোপন, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, আলোচনা অনুষ্ঠান, সাংকৃতিক অনুষ্ঠান, কুইজ প্রতিযোগিতা, মসজিদে দোয়া মাহফিল ও মন্দিরে প্রার্থণাসহ বিভিন্ন কর্মসূচি পালিত হয়।



(চিত্র: পুরস্কার বিতরণ অনুষ্ঠানের অংশবিশেষ)



(চিত্র:শেখ রাসেল দেলিকায় 'শেখ রাসেল দিবস ২০২২' প্রতিপাদ্যে দেয়ালিকা প্রকাশ)

হিসাববিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক জনাব মনোজ হালদারের সভাপতিত্বে আলোচনা অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন কলেজের স্বনামধন্য অধ্যক্ষ প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া, বিশেষ অতিথি ছিলেন কলেজের সুযোগ্য উপাধ্যক্ষ প্রফেসর এ এস কাইউম উদ্দিন আহমেদ এবং মান্যবর বিশেষ অতিথি জনাব আল আমিন সরোয়ার, সম্পাদক শিক্ষক পরিষদ। উপস্থিত ছিলেন সকল বিভাগের সকল বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকবৃন্দ, শিক্ষার্থীগণ। অনুষ্ঠানে প্রধান অতিথি, বিশেষ অতিথিদ্বয়, সভাপতি, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ বক্তৃতা করেন।

বঙ্গবন্ধুকে নিয়ে মনোজ হালদারের লেখা সংগীত পরিবেশন করেন হিসাববিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর মোঃ সাদিকুর রহমান সিকদার। কবিতা আবৃত্তি করেন জনাব তপন কুমার সাহা, সহযোগী অধ্যাপক, হিসাববিজ্ঞান, সংগীত পরিবেশন করে সাংস্কৃতিক সংগঠন উত্তরণ এবং সংস্কৃতি পরিষদের শিল্পীবৃন্দ।